দৈনিক সংবাদ

তারিখ ... 16 JAN 1995
পৃষ্ঠা ৩ কলাম ৩

25

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মসূচী

# অষ্টম শ্রেণী পর্যন্ত পড়ে এসএসসি পরীক্ষায় অংশ নেয়া যাবে

( নিজস্ব বার্তা পরিবেশক )

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে এসএসসি প্রোগ্রাম চালু করেছে। এই প্রোগ্রামে অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া জানা যে কেউ ঘরে বসেই এসএসসি পরীক্ষায় অংশ নিতে

এসএসসি ঃ পৃঃ ৬ কঃ ১

## এসএসসি ঃ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মসূচী

( ১ম পৃষ্ঠার পর )

পারবেন.

গতকাল রোববার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম শমসের আলী এসএসসি প্রোগ্রামের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, অনেকেই লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। বিভিন্ন কারণে অনেকেই অকালে ঝরে পড়েছেন শিক্ষাঙ্গন থেকে। তাদের অনেকের পক্ষেই প্রচলিত নিয়মে কোন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করার সুযোগ হচ্ছে না। এ কারণে নিজ কর্মস্থল ও আবাসে থেকে তারা যাতে লেখাপড়া করার সুযোগ পান সে জন্যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে এসএসসি প্রোগ্রাম চালু করা হয়েছে। আগামী ফেব্রুয়ারি মাস থেকে এই শিক্ষা কার্যক্রম শুরু হবে।

উপাচার্য আরো জানান, শিক্ষা বোর্ডের মত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামে ১০টি বিষয় অন্তর্ভুক্ত থাকবে। অর্থাৎ শিক্ষার্থী ১০টি বিষয়ে এক হাজার নম্বরের পরীক্ষা দিয়ে এসএসসি পাস করবেন। তবে এ প্রোগ্রামের সুবিধা হচ্ছে শিক্ষার্থী তার ২ বছরের কোর্সের প্রথম বর্ষে সর্বোচ্চ ৫টি এবং সর্বনিম্ন ৩টি বিষয়ে পরীক্ষা দেবেন। প্রথম বর্ষের ৫টি বিষয় থাকবে বাংলা (প্রথম পত্র), ইংরেজি (প্রথম পত্র), গণিত, বিজ্ঞান এবং ইতিহাস ও ভূগোল। যদি কোন শিক্ষার্থী একটি বা একাধিক বিষয়ে অকৃতকার্য হন তবে তিনি পরবর্তী বছরে শুধুমাত্র ওই বিষয়ে পরীক্ষা দেবেন। তাকে আর সব ক'টি বিষয়ে পরীক্ষা দিয়ে পাস করতে হবে না। অর্থাৎ এভাবে একজন শিক্ষার্থী সর্বনিম্ন ২ বছর ও সর্বোচ্চ ৫ বছরে তার ১০টি বিষয়ে কৃতকার্য হয়ে এসএসসি সার্টিফিকেট সংগ্রহ করতে পারবেন। সাংবাদিক সম্মেলনে জানানো হয়, দ্বিতীয় বর্ষে যে ৫টি বিষয় অন্তর্ভুক্ত থাকবে তা হচ্ছে, বাংলা (দ্বিতীয় পত্র), ইংরেজী (দ্বিতীয় পত্র), কৃষি/গার্হস্থ্য অর্থনীতি, ধর্ম শিক্ষা এবং হিসাবরক্ষণ ও ব্যবসা পদ্ধতি, অর্থনীতি ও পৌরনীতি এবং উচ্চতর গণিতের যেকোন একটি।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, প্রতিটি বিষয়ে ২শ' টাকা হিসেবে ১০টি বিষয়ে ২ হাজার টাকা খরচ করে একজন শিক্ষার্থী এসএসসি পাস করতে সক্ষম হবেন। এই ২ হাজার টাকার মধ্যেই উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের অন্তর্ভুক্ত ১০টি বিষয়ের বই, ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফিসহ যাবতীয় খরচ বহন করা হবে। এজন্যে প্রতিটি থানার সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক থানা শিক্ষা অফিসারের সহযোগিতায় ছাত্রছাত্রী ভর্তি ও প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। বছরের নির্দিষ্ট সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।